



শাহবাগ থানার ভেতরে ডাকসু নেতাদের ওপর ছাত্রদলের হামলা



শাহবাগ থানার ভেতরে ডাকসু নেতা এ বি জুবায়ের ও মোসাদ্দেকের ওপর ছাত্রদলের নেতাকর্মীদের হামলা। ছবি: ভিডিও থেকে নেওয়া

রাজধানীর শাহবাগ থানার ভেতরে ডাকসুর দুই নেতাকে মারধরের অভিযোগ উঠেছে ছাত্রদল নেতাকর্মীদের বিরুদ্ধে। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) রাত ৮টার দিকে এ ঘটনা ঘটে।

জানা যায়, উত্তেজনাপূর্ণ পরিস্থিতির মধ্যে থানায় গেলে সমাজসেবা সম্পাদক এ বি জুবায়ের ও সংস্কৃতিবিষয়ক সম্পাদক মোসাদ্দেক আলী ইবনে মোহাম্মদের ওপর হামলা চালানো হয়। একই ঘটনায় কার্যনির্বাহী সদস্য সাইয়েদুজ্জামান নূর আলভিও মারধরের শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে।

এর আগে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়ানো একটি পোস্টকে কেন্দ্র করে বিরোধের সৃষ্টি হয়। জিডি করতে গেলে দুই পক্ষের মধ্যে উত্তেজনা বাড়ে, যা পরে সংঘর্ষে রূপ নেয়।

ঘটনার সময় ভিডিও ধারণ করতে গেলে কয়েকজন সাংবাদিকও লাঞ্চিত হন। বর্তমানে থানার ভেতরে ডাকসু নেতারা এবং বাইরে ছাত্রদল নেতাকর্মীরা অবস্থান করছেন। এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

LENS ASIA